

তুমি

ভেবেছিলাম তুমি আসবে।

বৈশাখের সমস্ত তপ্ততা

ভরেছিলাম আমার নিশ্বাসে।

আমার মুখ মুছবো

তোমার লাল ওড়নাতে।

মুখ না, গোপনদুঃখ।

তোমার বুকে মুখ রাখবো।

তুমি সমুদ্র হবে, আমি সফেলটেউ

আছড়ে পাড় ভাসাবো,

পাড় না, সমাজ

অথচ কি অনায়াসে

আমায় তুমিফিরিয়ে দিলে।

কাঞ্চন